দৈনিক
ইত্তেফাক

29 MAY 2017
২০ ৬

# জাবি বন্ধ ঘোষণা

## ৪২ শিক্ষার্থীর জামিন মঞ্জুর

■ জাবি সংবাদদাতা

অনির্দিষ্টকালের জন্য সব ক্লাস, পরীক্ষা ও হল বন্ধ ঘোষণা করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসন। গত শনিবার রাতে জরুরি এক সিন্ডিকেট সভায় রবিবার সকাল ১০টার মধ্যেই হল ত্যাগের নির্দেশনা দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। ফলে গতকাল সকাল থেকেই বিভিন্ন হলের শিক্ষার্থীরা হল ত্যাগ করেন। অন্যদিকে, ভাঙচুর ও বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়ের করা মামলায় ৪২ জন শিক্ষার্থীকে জামিন দিয়েছে ঢাকা জেলা জজ কোর্ট। রবিবার ঢাকার জ্যেষ্ঠ বিচারিক হাকিম মোস্তাফিজুর রহমান তাদের জামিন মঞ্জুর করেন।

এদিকে হল ছাড়ার নির্দেশের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের পরিবহন চত্বরে বেলা ১১টার দিকে বিক্ষোভ করেছে ছাত্রলীগ।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি জুয়েল রানা বলেন, হল বন্ধ ঘোষণা বাতিল, ভিসির বাড়িতে হামলার প্রতিবাদ ও নিরাপদ সড়কসহ পাঁচ দফা দাবিতে তারা এ বিক্ষোভ করেন।

জানা যায়, গত শুক্রবার বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হল সংলগ্ন সিঅ্যান্ডবি এলাকায় সড়ক দুর্ঘটনায় নাজমুল হাসান ও মেহেদি হাসান নামের দুই শিক্ষার্থী নিহত হওয়ার প্রতিবাদে রাস্তা অবরোধ করে শিক্ষার্থীরা। এ সময় পুলিশের লাঠিচার্জে ১০ জন শিক্ষার্থী আহত হন। যার প্রতিবাদে শনিবার রাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনে ভাঙচুর চালায় শিক্ষার্থীরা। এ সময় সেখান থেকে ৪২ জন শিক্ষার্থীকে আটক করে আশুলিয়া থানা পুলিশ।

অন্যদিকে, শনিবার রাতে এক সিন্ডিকেটের জরুরি সভায় বিশ্ববিদ্যালয় প্রশাসন অনির্দিষ্টকালের জন্য হল বন্ধ করার সিদ্ধান্ত পৃষ্ঠা ২ কলাম ২

## জাবি বন্ধ ঘোষণা

২০ পৃষ্ঠার পর

নেয়। এরপর থেকেই ক্যাম্পাস ছাড়তে শুরু করে শিক্ষার্থীরা। গতকাল বিকাল ৫টার পর বিভিন্ন হলে গিয়ে হলের বেশিরভাগ কক্ষ খালি পাওয়া যায়।

এদিকে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনা, সাধারণ শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলার বিচারসহ বিভিন্ন দাবিতে সংবাদ সম্মেলন করেছেন বাম ও বিএনপিপন্থী শিক্ষকরা। তারা গতকালের মধ্যে এসব দাবি বাস্তবায়নের আল্টিমেটাম দেন বিশ্ববিদ্যালয় প্রশাসনকে।

এ বিষয়ে ভিসি অধ্যাপক ফারজানা ইসলাম বলেন, আজ সোমবার সকালে আমরা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষকদের সাথে বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত নেব।